

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৮.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮. নং ৫

তারিখ: ৩০ মাঘ ১৪২৬
১৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩, ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকায় নির্বাচন অবাধ,
সুষ্ঠু, শাস্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান
অনুসরণ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০.৮৭ তারিখ: ০৯.০২.২০২০

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ২১ মার্চ ২০২০ তারিখ শনিবার একাদশ জাতীয়
সংসদের ৩১ গাইবান্ধা-৩, ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ নির্বাচনি এলাকার শৃঙ্খলা আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত
নির্বাচন অবাধ, সুষ্ঠু, শাস্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত
কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য
প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

২। এই প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন,
১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরি ও
নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় যথাক্রমে শৃঙ্খলামূলক ও দড়ের বিধানাবলি সন্নিবেশিত রয়েছে।

৩। উল্লেখ্য যে, নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা
(বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী ‘নির্বাচন কর্মকর্তা’ হিসাবে বিবেচিত হবেন এবং উক্ত
দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়িত্ব থাকবেন। এই দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা
হিসেবে তার কোনো আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন কমিশন কোনো সরকারি/আধা-সরকারি/
স্বায়ত্ত্বাসিত/ আধা-স্বায়ত্ত্বাসিত দপ্তর/প্রতিষ্ঠান এমনকি বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোনো তথ্য
সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য যে কোনো নির্দেশ প্রদান করলেই সেই দপ্তর/প্রতিষ্ঠান প্রধান এবং অন্যান্য
কর্মকর্তা/কর্মচারী (যারা সংশ্লিষ্ট তথ্য প্রদান ও কর্মসম্পাদনের দায়িত্বে নিয়োজিত) নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন
বলে গণ্য হবেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বাসিত/আধা-
স্বায়ত্ত্বাসিত দপ্তর/প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং
নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা
অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বর্ণিত অবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ তথা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বাসিত/আধা-স্বায়ত্ত্বাসিত/বেসরকারি
দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব
যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.০২.২০২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)

উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: gfa_branch@cabinet.gov.bd

স্মারক নম্বর-০৮,০০,০০০০,৫১৩,৫৩,১১০,২০১৮. ৯৮

তারিখ: ৩০ মাঘ ১৪২৬
১৩ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
- ০২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রংপুর।
- ০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৮। কমিশনার, রংপুর, ঢাকা ও খুলনা মেট্রোপলিটন পুলিশ,।
- ০৯। উপমহাপুলিশ পরিদর্শক, রংপুর, ঢাকা ও খুলনা রেঞ্চ।
- ১০। জেলা প্রশাসক, গাইবাঙ্ক/ঢাকা/বাগেরহাট।
- ১১। পুলিশ সুপার, গাইবাঙ্ক/ঢাকা/বাগেরহাট।
- ১২। আঞ্চলিক নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার, ঢাকা/খুলনা।
- ১৩। জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার, গাইবাঙ্ক।
- ১৪। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা/গাইবাঙ্ক/বাগেরহাট।
- ১৫। উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট),।
- ১৬। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা,.....।
- ১৭। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)

উপসচিব

ফোন: ৯৫৫১৪২৫

email: gfa_branch@cabinet.gov.bd